গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
www.molwa.gov.bd

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৫.১৬.০৩৭.২২-০২

তারিখ: ২৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২২-মার্চ/২৩) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৪/০১/২০২২ তারিখে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২২-মার্চ/২৩) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ৩(তিন) পাতা ।

১১/০১/২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০৩. ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০;
০৪. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা;
০৫. যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০৬. উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের অবগতির জন্য)
০৩. প্রকল্প পরিচালক (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
০৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

## ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সাংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি, ২৩ – মার্চ, ২৩) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব খাজা মিয়া, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
সভার তারিখ : ০৪/০১/২০২৩ খ্রি:
সভার সময় : দুপুর ১২:৩০ ঘটিকা।
সভার স্থান : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৬০৫)
উপস্থিতি : হাজিরা সিট (পরিশিষ্ট "ক") সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। কর্ম-পরিকল্পনায় উল্লেখিত বিষয়াদি চিহ্নিত করে তা বাস্তবায়নে উদ্যোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিকের (অক্টোবর - ডিসেম্বর/২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে উল্লিখিত প্রতিটি আইটেম এর লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি ধারাবাহিকভাবে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিকের (অক্টোবর - ডিসেম্বর/২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়।

০৩। অতঃপর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ক্রমিক নং ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন) অনুযায়ী ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২২) এর বাস্তবায়িত কার্যক্রমসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয় এবং তা পর্যালোচনা করা হয়। এছাড়াও ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়েও সভায় আলোচনা করা হয় এবং পরবর্তী ৩য় ত্রৈমাসিকের কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। সভায় কর্ম-পরিকল্পনার অনুচ্ছেদ অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তাবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০৪/০১/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিগত ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তাবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে নৈতিকতা কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। অত:পর অদ্য ০৪/০১/২৩ তারিখে অনুষ্ঠিত সভায় ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি/২৩- মার্চ/২৩) বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক কর্ম-পরিকল্পনাভূক্ত ও কর্মপরিকল্পনা বহির্ভূত সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ<br>১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল;<br>২। ব্যবস্থাপক পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট;<br>৩। সকল কর্মকর্তা, মুবিম;<br>৪। উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)। |
| ২। | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২য় সভার সকল সিদ্ধান্ত (কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রম) যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে সভায় জানানো হয়। আলোচনাকালে নৈতিকতা কমিটির ৩য় | সিদ্ধান্ত: নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্ত শতভাগ (১০০%) বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ<br>১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল; |

| | | | |
|---|---|---|---|
| | | সভার সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া ২য় কোয়ার্টারের যে সকল প্রমাণক এখনও দাখিল করা হয়নি তা অবিলম্বে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২। ব্যবস্থাপক পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট;<br>৩। সকল কর্মকর্তা, মুবিম। |
| ৩। | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্টার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংগ্রহণে ১ম পর্যায়ের সভা গত ২৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। ২য় কোয়ার্টারের কর্ম-পরিকল্পনায় কোন সভা আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত ছিল না বিধায় এ সভায় তায়ে মূল্যায়নের প্রয়োজন হয়নি। তবে ৩য় কোয়ার্টারে নির্ধারিত সভাটি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে মর্মে সুপারিশ করা হয়। | সিদ্ধান্ত: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল পর্যায়ের অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নঃ<br>১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল;<br>২। ব্যবস্থাপক পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট;<br>৩। সকল কর্মকর্তা, মুবিম;<br>৪। উপসচিব (প্রশিক্ষণ)। |
| ৪। | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ০১/১২/২০২৩ তারিখে ২য় পর্যায়ে ৩৪ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। ৩য় পর্যায়ের প্রশিক্ষণ যথাসময়ে সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত: শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে ৩য় ব্যাচে ২৫ জনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>বাস্তবায়নঃ<br>১। উপসচিব (প্রশিক্ষণ)। |
| ৫। | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডভুক্ত অকেজো-মালামাল নিস্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | প্রশাসন শাখা হতে জানানো হয় যে, ইতোমধ্যে অকেজো মালামাল ও পুরাতন নথিপত্র কল্যাণ ট্রাস্ট এর একটি গুদামে স্থানান্তর করা হয়েছে। উক্ত মালামাল সমূহ নিস্পত্তির নিমিত্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট হতে ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে।<br>এছাড়াও, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে।<br>আগামী কোয়ার্টারসমূহে পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কিত বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | সিদ্ধান্ত:<br>১। অকেজো মালামাল নিস্পত্তি পূর্বক সংশ্লিষ্ট রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।<br>২। পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কিত বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নেঃ উপসচিব (প্রশাসন)। |
| ৬। | ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক সভা আয়োজন নিশ্চিত করা হবে। ২০/১০/২০২২ তারিখে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। ৩য় কোয়ার্টারের জন্য নির্ধারিত ফিডব্যাক সভা যথাসময়ে বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | সিদ্ধান্ত: আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা নির্ধারিত সময়ে আয়োজন নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নেঃ ১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)। |
| ৭। | ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং | ক্রয়-পরিকল্পনা এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড/প্রকাশ করা হয়েছে। | সিদ্ধান্ত: ১। ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | | বাস্তবায়নেঃ ১। উপসচিব (পরিকল্পনা);<br>২। উপসচিব (প্রশাসন। |
| ৮। | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ক্রয়-পরিকল্পনানুযায়ী ক্রয়-কার্যক্রম চলমান আছে। ২য় কোয়ার্টারে উন্নয়ন বাজেটের আওতায় ২০% কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। কিন্তু রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়ন ৪%। বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত: ১। ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br>১। প্রকল্প পরিচালক (সকল);<br>২। উপসচিব (প্রশাসন);<br>৩। উপসচিব (পরিকল্পনা)। |
| ৯। | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ২য় ত্রৈমাসিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২৮.১৮% বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫০% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। ৩য় ত্রৈমাসিকে নির্ধারিত ৫০% এবং জুন, ২০২৩ এর মধ্যে ১০০% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>২। প্রকল্প পরিচালক (সকল);<br>৩। উপসচিব (পরিকল্পনা) |
| ১০। | ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ২য় ত্রৈমাসিক প্রকল্পের ১টি PSC ও ২টি PIC সভা আয়োজিত হয়েছে মর্মে সভায় জানানো হয়েছে। ডিসেম্বর মাসের বিভিন্ন জাতীয় কর্মসূচির ব্যস্ততার কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক সভা আয়োজন করা সম্ভব হয়নি মর্মে সংশ্লিষ্ট শাখা হতে জানানো হয়। অর্থবছর সমাপ্তির পূর্বেই নির্ধারিত ২৪টি সভা করার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ১০টি PSC ও ১৪টি PIC সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>২। প্রকল্প পরিচালক (সকল);<br>৩। উপসচিব (পরিকল্পনা) |
| ১১। | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত:<br><br>১। নির্ধারিত সময় (৩০/০৬/২০২৩) এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ ১। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (সকল)। |
| ১২। | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিন্তকরণ | ২য় ত্রৈমাসিকে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হচ্ছে মর্মে প্রশাসন শাখা হতে জানানো হয়। ভবিষ্যেতেও সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত:<br><br>১। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ উপসচিব (প্রশাসন)। |
| ১৩। | ৩.২ সারা বাংলাদেশের বীরমুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট | বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট কার্ড নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ কার্যক্রম ১০০% সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এ বিষয়ে | সিদ্ধান্ত:<br>১। নির্ধারিত সময়ের মধ্যে বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট কার্ড এর কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা দ্রুততম সময়ের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| | আইডি কার্ড বিতরণ। | আলোচনাকালে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | সংশোধনের সুপারিশ করা হয়।<br><br>বাস্তবায়নেঃ ০১. উপসচিব (সনদ)। |
| ১৪। | ৩.৩ সনদ যাচাই এর জন্য ওয়েব সাইটে বীর মুক্তিযোদ্ধাদের তালিকা সংক্রান্ত App চালু করণ। | ইতোমধ্যে সংশ্লিষ্ট APPটি Google Play Store এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং তা কার্যকর আছে। | সিদ্ধান্ত: ১। চালুকৃত APPটি যথাযথভাবে সচল রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br>১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (সনদ)। |
| ১৫। | ৩.৪ মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন। | মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে অবিলম্বে প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পাদন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। নির্ধারিত সময়ের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>২। উপসচিব (প্রশাসন)। |

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখা কর্তৃক আয়োজিত গত ১৬-১৯ অক্টোবর ২০২২ তারিখে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার উপর অনুষ্ঠিত কর্মশালার ১.২ ও ১.৬ নং সিদ্ধান্তের বিষয়ে গৃহীতব্য কার্যক্রম ও করণীয় নির্ধারণ এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| কর্মশালার সিদ্ধান্ত নং | কর্মশালার সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১.২ | ১.২ সুচকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়নের ক্ষেত্রে সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্ম-পরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে মূল্যায়নে অর্ধেক নম্বর পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাইরে নৈতিকতা কমটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত এবং বাস্তবায়িত হলে **পূর্ণ ৪(চার) নম্বর** পাওয়া যাবে। | বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কর্ম-পরিকল্পনার ১.২ সূচকের পূর্ণ ৪(চার) নম্বর প্রাপ্তির লক্ষ্যে নিম্নরূপ ৪(চার)টি অতিরিক্ত কার্য বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা ও সুপারিশ করা হয়-<br><br>ক) ৩য় কোয়ার্টারে সেবা সপ্তাহ পালন;<br><br>খ) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে জেলা ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালের প্রতিনিধি ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সমন্বয়ে অন্তত: ৮(আট)টি অবহিতকরণ সভাকরণ।<br><br>গ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম পরিদর্শন।<br><br>ঘ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর কার্যক্রম পরিদর্শন। | ক) অর্থ বছরের ৩য় কোয়ার্টারে সেবা সপ্তাহ পালন;<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (প্রশাসন)<br><br>খ) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে ৮(আট)টি অবহিতকরণ সভা করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br>১) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২) উপসচিব (হিসাব)<br><br>গ) সচিব মহোদয়ের নেতৃত্বে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম পরিদর্শন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।<br>ঘ) সচিব মহোদয়ের নেতৃত্বে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর কার্যক্রম পরিদর্শন করতে হবে।<br><br>বাস্তবায়নে:মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |

| | | | |
|---|---|---|---|
| ১.৬ | সূচকে যে সকল মন্ত্রণালয়/বিভাগের দপ্তর/সংস্থা নেই তাদেরকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে। নম্বর বন্টনের ক্ষেত্রে ৪টি কাজের প্রতি কাজের জন্য ১.৫ মান হিসাবে মোট ৬ নম্বর প্রাপ্ত হবে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর জন্য কর্মপরিকল্পনার ১.৫ নং আইটেম (কর্ম পরিবেশ উন্নয়ন) সংক্রান্ত বিষয়ে অন্তত: দুইটি অতিরিক্ত কাজ নির্ধারণ করত: বাস্তবায়নের সুপারিশ করা হয়। স্ব-স্ব সংস্থা প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টির বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টির বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল; ও<br>২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। |

০৫। **সার্বিক সিদ্ধান্ত:**
বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়-

ক) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিকের (অক্টোবর, ২২ – ডিসেম্বর, ২২) এর অগ্রগতি বাস্তবায়ন প্রতিবেদন অনুমোদন করা হলো;

খ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আইটেম সমূহের বিষয়ে অনুচ্ছেদ ৩ এর মেট্রিক্সের কলাম ৪ এ বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো;

গ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ১.২ নং সূচকের আওতায় নিম্নবর্ণিত অতিরিক্ত ৪(চার)টি কাজ বাস্তবায়ন করতে হবে-

(১) ৩য় কোয়ার্টারে সেবা সপ্তাহ পালন;

(২) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে জেলা ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালের প্রতিনিধি ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সমন্বয়ে অন্তত: ৮(আট)টি অবহিতকরণ সভাকরণ;

(৩) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ কর্তৃক বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম সরেজমিন পরিদর্শন;

(৪) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ কর্তৃক জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর কার্যক্রম সরেজমিন পরিদর্শন।

ঘ) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট স্ব-স্ব শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ১.৫ নং আইটেম (কর্ম পরিবেশ উন্নয়ন) সংক্রান্ত বিষয়ে অন্তত: দুইটি করে অতিরিক্ত কাজ বাস্তবায়নের সুপারিশ করা হলো। স্ব-স্ব সংস্থা প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টির বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১/১২৩

খাজা মিয়া
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।